



## ডিআইইউর মিলনায়তনে আইসিএসকিউসিসির শ্বেচ্ছাসেবীদের মধ্যে সনদ বিতরণ

২১তম ইন্টারন্যাশনাল কনভেনশন অন্ স্টুডেন্টস কোয়ালিটি কন্ট্রোল সার্কেল-২০১৮ (আইসিএসকিউসিসি)-তে দায়িত্ব পালনকারী শ্বেচ্ছাসেবীদের মধ্যে সনদ বিতরণ করেছে বাংলাদেশ সোসাইটি ফর টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট (বিএসটিকিউএম)। গতকাল ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে এ সনদ বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক ড. এস এম মাহবুবু উল হক মজুমদার প্রধান অতিথি থেকে শ্বেচ্ছাসেবী শিক্ষার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন। বাংলাদেশ সোসাইটি ফর টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্টের (বিএসটিকিউএম) চেয়ারম্যান এ এম এম খায়রুল বাশারের সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল অ্যাকাডেমিসের পরিচালক অধ্যাপক ড. মো: ফখরে হোসেন, বিএসটিকিউএমের মহাসচিব সৈয়দ আলিমুজ্জামানসহ ২১তম আইসিএসকিউসিসি-২০১৮ আয়োজক কমিটির সচিব জাকিয়া সুলতানা। বিজ্ঞপ্তি।